

পোকা পরিচিতি

পূর্ণবয়স্ক থ্রিপস খুবই ছোট (১-২ মিলিমিটার লম্বা) গাঢ় বাদামি রঙের। এরা পাখাবিশিষ্ট বা পাখাবিহীন হতে পারে।

স্ত্রী পোকা পাতার মধ্যে ডিম ঢুকিয়ে দেয়। ডিমগুলো খুবই ছোট (১/৪ মিলিমিটার লম্বা)। প্রথম অবস্থায় ডিমগুলো স্বচ্ছ থাকে এবং ফোটার আগে আস্তে আস্তে হলদে রঙ ধারণ করে। সদ্য ফোটা বাচ্চাগুলো কিছুক্ষণ নিশ্চল থাকে। পরে মাঝখানের কচি পাতা ও পাতার খোলে গিয়ে খাওয়া শুরু করে এবং পূর্ণবয়স্ক পোকায় পরিণত হওয়ার পরও তাদের জীবনকাল এখানেই কাটায়।



পূর্ণবয়স্ক থ্রিপস

ক্ষতি

- ▶ এ পোকা বাচ্চা ও পূর্ণবয়স্ক অবস্থায় ধানের পাতার রস শুষে খায়
- ▶ ধানগাছ কুশি অবস্থায় বেশি আক্রান্ত হয়
- ▶ সব মৌসুমে এই পোকাকার প্রাদুর্ভাব দেখা যায় তবে আউশ মৌসুমে প্রকোপ বেশি থাকে
- ▶ আক্রান্ত গাছের পাতাগুলো লম্বালম্বিভাবে মুড়িয়ে সুচের আকার ধারণ করে
- ▶ খুব বেশি আক্রান্ত পাতা শুকিয়ে মারা যায়



ক্ষতির নমুনা

দমন ব্যবস্থাপনা

- ▶ আক্রান্ত জমিতে নাইট্রোজেন সার (ইউরিয়া) ব্যবহার করা। শুধু প্রয়োজনে অনুমোদিত কীটনাশক ব্যবহার করা।